দৈনিক সংবাদ

তারিখ 31 JUL 1995
পৃষ্ঠা ✓ কলাম ✓

০১

# অবিলম্বে কিন্ডারগার্টেন শিক্ষকদের সরকারি ভাতা প্রদানের দাবি

সরকার কর্তৃক অনুমোদনপ্রাপ্ত কিন্ডারগার্টেনের শিক্ষক-শিক্ষিকাদের অবিলম্বে সরকারি ভাতা প্রদানের জোর দাবি জানানো হয়েছে।

কিন্ডারগার্টেন শিক্ষক সমিতির কার্যালয়ে গত শুক্রবার অনুষ্ঠিত সমিতির ঢাকা মেট্রোপলিটন ইউনিটের এক জরুরী সভায় এ দাবি জানানো হয়। আফরোজা হাসানের সভানেতৃত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কিন্ডারগার্টেন এন্ড প্রি ক্যাডেট ফেডারেশনের কো- চেয়ারম্যান ও শিক্ষক সমিতির সভাপতি গোলাম নবী এবং বক্তব্য রাখেন কেন্দ্রীয় সাধারণ সম্পাদিকা লতিফা আক্তার নিলু, কেন্দ্রীয় নেতা আজিজুর রহমান ও সালমা আজাদ। সভায় অবিলম্বে দাবি মেনে নেয়া না হলে বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে বলে উল্লেখ করা হয়।